

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৮৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২৪. সশব্দে বিসমিলল্লাহ না বলা প্রসঙ্গে

باب مَنْ لَمْ يَرَ الْجَهْرَ بِ { بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ }

আরবী

حَدَّثَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ، حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ، عَنِ الْمُخْتَارِ بْنِ فُلْفُل، قَالَ سَمِعْتُ أَنسَ بْنَ مَالِكِ، يَقُولُ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " أُنْزِلَتْ عَلَىَّ آنِفًا سُورَةٌ ". فَقَرَأَ بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ (إِنَّا أَعْطَيْنَاكَ الْكَوْثَرَ) حَتَّى خَتَمَهَا. قَالَ " هَلْ تَدْرُونَ مَا الْكَوْثَرُ ". قَالُوا اللهُ وَرَسُولُهُ أَعْلَمُ. قَالَ " فَإِنَّهُ نَهْرٌ وَعَدَنِيهِ رَبِّي فِي الْجَنَّةِ ".

ـ حسن: م

বাংলা

৭৮৪। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এইমাত্র আমার উপর একটি সূরাহ অবতীর্ণ হয়েছে। অতঃপর তিনি পড়লেনঃ "বিসমিল্লা-হির রহমা-নির রহীম, ইয়া আ'ত্বায়না কাল-কাওসার" সূরাটির শেষ পর্যন্ত। তিনি বললেন, তোমরা কি জান! কাওসার কি? তাঁরা বললেন, এ বিষয়ে আল্লাহ এবং তাঁর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ই সর্বাধিক অবগত। তিনি বললেন, তা হচ্ছে একটি নহর, আমার রব্ব আমাকে জান্নাতে তা দান করবেন বলে অঙ্গীকার করেছেন।[1]

হাসান : মুসলিম।

English

Anas b. Malik said:

The Messenger of Allah (ﷺ) said: A surah has just been revealed to me. He then recited:"In the name of Allah, the Compassionate, the Merciful. Lo! We have given thee Abundance" until he finished it. Then he asked: Do you know what Abundance (al-Kawthar) is? They replied: Allah and His Apostle



know it better. He said: It is a river of which my Lord, the Exalted, the Majestic has promised me to give in Paradise.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ সালাত, অনুঃ যারা বলে, বিসমিল্লাহ হচ্ছে প্রত্যেক সূরাহর আয়াত বিশেষ তাদের স্বপক্ষে দলীল), নাসায়ী (অধ্যায়ঃ ইফতিতাহ, অনুঃ বিসমিল্লাহির রাহমানির রাহীম পাঠ প্রসঙ্গে, হাঃ ৯০৩) উভয়ে মুখতার ইবনু ফুলফুল সূত্রে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন